



Scotland's Census

Shaping our future

A' dealbhadh ar n-àm ri teachd

# স্কটল্যান্ডের আদমশুমারি 2022-এর নির্দেশিকা



স্কটল্যান্ডের আদমশুমারি।

সঠিক তথ্য বের করা, শুরু হয় **এটি পূরণ করে।**

[census.gov.scot](https://census.gov.scot) দেখুন



# আদমশুমারি কী?

স্কটল্যান্ডের আদমশুমারি হচ্ছে দেশে বসবাসরত প্রত্যেকটি ব্যক্তি এবং পরিবারের অফিসিয়াল গণনা। এটা সাধারণত প্রত্যেক 10 বছর অন্তর হয়। আদমশুমারিতে ব্যক্তির বয়স, লিঙ্গ, বাসা এবং বসবাসের অবস্থা, কর্মসংস্থান, শিক্ষা এবং কোয়ালিফিকেশন ও সেইসাথে জাতি সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করা হয়।

আদমশুমারি পূরণ করা গুরুত্বপূর্ণ, কেননা জবাবগুলো Scottish Government কে এবং অনেক অন্যান্য পরিষেবা প্রদানকারীদেরকে তাদের সেই সমস্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় ডেটা সরবরাহ করবে যা লোকের জীবন এবং তাদের কমিউনিটির উপর প্রভাব ফেলতে পারে।

এই সিদ্ধান্তগুলোর মধ্যে অন্তর্ভুক্ত আছে নির্দিষ্ট করা যে আমাদের কমিউনিটিগুলোতে শিক্ষা, হাউজিং, স্বাস্থ্য পরিষেবা, রাস্তা এবং রেলওয়ে এবং অনেক অন্যান্য ব্যাপারে অর্থ কিভাবে ব্যয় করা হবে।

## আদমশুমারি দিন কবে?

আদমশুমারি দিন হচ্ছে রবিবার 20 মার্চ, কিন্তু আপনি আপনার চিঠি পাওয়া মাত্রই অনলাইন গিয়ে আপনার আদমশুমারি পূরণ করতে পারবেন। তবে, জবাবগুলো অবশ্যই রবিবার 20 মার্চ তারিখে আপনার পরিবারের অবস্থা অনুযায়ী হওয়া উচিত।

## আমি আদমশুমারি কিভাবে পূরণ করব?

আপনি আপনার আদমশুমারি অনলাইন পূরণ করতে পারেন বা একটি পেপার কপি অনুরোধ করতে পারেন। ফেব্রুয়ারি 2022-এর শেষ থেকে পরিবাররা চিঠি গ্রহণ করা শুরু করবেন যার মধ্যে অনলাইন গিয়ে তাদের আদমশুমারি পূরণ করার নির্দেশ দেওয়া থাকবে।

আদমশুমারি পূরণ করার ওয়েবসাইট 28 ফেব্রুয়ারি থেকে লাইভ হবে।

1. [www.census.gov.scot](http://www.census.gov.scot) দেখুন
2. START-এ ক্লিক করুন
3. আপনি যে চিঠিটি পেয়েছেন তাতে উল্লিখিত অনন্য ইন্টারনেট অ্যাক্সেস কোড এন্টার করুন
4. অন-স্ক্রিন নির্দেশ অনুসরণ করুন

আপনার যদি একটি পেপার কপি অনুরোধ করার প্রয়োজন হয়, অথবা আপনার যদি একটি নতুন ইন্টারনেট অ্যাক্সেস কোড দরকার হয়, তাহলে [census.gov.scot](http://census.gov.scot) -এ যান বা **0800 030 8308** নম্বরে হেল্পলাইনকে ফোন করুন।

## আমাকে কি এটা পূরণ করতেই হবে?

হ্যাঁ। স্কটল্যান্ডে বসবাসরত প্রত্যেকটি পরিবারের উপর আদমশুমারির প্রশ্নমালা পূরণ করার আইনি দায়িত্ব আছে। এটা নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ যে আদমশুমারিতে সম্পূর্ণ রাষ্ট্রের বিস্তারিত এবং সঠিক তথ্য প্রদান করা হচ্ছে।

যে ব্যক্তি হয় বাড়িতে থাকেন, তার মালিক, বা সেটা ভাড়া নিয়েছেন অথবা যিনি পরিবারের বিল পরিশোধ করেন তিনি আদমশুমারি পূরণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত। আপনি যদি কেয়ার হোম, হলস অব রেসিডেন্স বা হস্টেলে থাকেন, এবং আপনি 16 বছরের চেয়ে বেশি বয়সী হন, তাহলে আপনাকে কমিউনাল প্রতিষ্ঠানের প্রশ্নমালায় অংশগ্রহণ করার সাথে একটি ব্যক্তিগত আদমশুমারি ও পূরণ করতে হবে।

## আমি যদি প্রশ্নগুলোকে না বুঝতে পারি?

পূরণ করার ওয়েবসাইট ([census.gov.scot](https://census.gov.scot)) 28 ফেব্রুয়ারি থেকে লাইভ হওয়ার পর, আপনি তা ডিজিট করতে পারবেন এবং আপনি সেখানে নিম্নবর্ণিত ভাষাগুলোতে প্রত্যেকটি প্রশ্নের জবাব দেওয়ার জন্য বিস্তারিত নির্দেশনা পাবেন। **0800 030 8308** নম্বরে আমাদের হেল্পলাইনেও আরো ভাষা সাপোর্ট উপলব্ধ আছে।

আরবি	গ্যালিক	ম্যান্ডারিন	রাশিয়ান
ক্যান্টোনিজ	হিন্দি	পোলিশ	স্লোভাক
চেক	কুর্দি	পাঞ্জাবি	তুর্কি
ফার্সি	লিথুয়ানিয়ান	রোমানিয়ান	উর্দু

## আমার যদি কোনও প্রতিবন্ধিতা থাকে তাহলে কী হবে?

আমরা বহু বিভিন্ন প্রতিবন্ধিতা গ্রুপদের সাথে কাজ করেছি যাতে আমরা নিশ্চিত করতে পারি যে আদমশুমারি যেন যথাসম্ভব অ্যাক্সেসযোগ্য হয়। আপনার যদি সাপোর্ট বা অন্য কোনও ফর্ম্যাটে প্রশ্নমালার একটি কপি দরকার হয় তাহলে অনুগ্রহ করে কন্ট্যাক্ট সেন্টারের সঙ্গে যোগাযোগ করুন বা [census.gov.scot](https://census.gov.scot)-এ যান। আপনার আদমশুমারি পূরণ করার জন্য আপনি একজন কেয়ারার, বন্ধু বা আত্মীয়ের কাছে ও সাহায্য চাইতে পারেন।

আপনার যদি শোনা বা কথা বলার ক্ষেত্রে কোনও সমস্যা থাকে তাহলে অনুগ্রহ করে **18001 0800 030 8308** তে টেকস্ট রিলে পরিষেবা ব্যবহার করুন।

## আমার আদমশুমারি তথ্য কি সুরক্ষিত?

হ্যাঁ। আদমশুমারির কোনও ডেটা প্রকাশিত করার আগে, আমরা তার থেকে সমস্ত ব্যক্তিগত তথ্য সরিয়েদেই যাতে নিশ্চিত করা যেতে পারে যে ব্যক্তিদেরকে যেন তাদের জবাব থেকে সনাক্ত না করা যেতে পারে। আদমশুমারি ডেটা 100 বছরের জন্য অপ্রকাশিত থাকে এবং সরকার নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে সবচেয়ে কম লোক যেন এটাকে অ্যাক্সেস করতে পারে।

## আমার যদি এ ছাড়াও সাহায্য দরকার হয়?

আমাদের কন্ট্যাক্ট সেন্টার 28 ফেব্রুয়ারি থেকে খোলা থাকবে এবং আপনি **0800 030 8308** নম্বরে বিনামূল্যে কোনো ল্যান্ডলাইন বা মোবাইল থেকে কল করতে পারেন। আপনি [census.gov.scot](https://census.gov.scot)-এ ওয়েবচ্যাটের মাধ্যমেও যোগাযোগ করতে পারেন।

# স্কটল্যান্ডের আদমশুমারি।

সঠিক তথ্য বের করা, শুরু হয় **এটি পূরণ করা।**

[census.gov.scot](https://census.gov.scot) দেখুন

